নির্বাচনে বিজয়ী হয়ে নৌকার প্রার্থী গেলেন বিএনপি প্রার্থীর অফিসে

গত রবিবার কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মেয়র পদে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
নির্বাচিত হওয়ার পরদিন গতকাল সোমবার সন্ধ্যা আটটার দিকে প্রতিদ্বন্দী প্রার্থী বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের মাহবুবার রহমানের অফিসে গিয়ে সৌজন্যে সাক্ষাৎ করেন বিজয়ী নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
এ সময় দু’জনকেই বেশ হাস্যেজ্জ¦ল দেখা যায়। একে অপরের সাথে কুশল বিনিময় করেন। ভোটের আগেও নৌকা প্রতীকের প্রার্থী আশরাফুল আলম আশরাফ বিএনপি প্রার্থী অফিসের গিয়ে দোয়া ও ভোট প্রার্থনা করেন। নৌকা প্রতীকের মোঃ আশরাফুল আলম আশরাফ বলেন, নির্বাচনে যে কেউ প্রার্থী হতে পারে। কালীগঞ্জ পৌরবাসীর উন্নয়নে সবার সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। সবাই ভেদাভেদ ভুলে কাজ করবো। সবাই আমার জন্য দোয়া করবেন।
গত রোববার অনুষ্ঠিত কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে ১৯ হাজার ৪২৭ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হন নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ। তার নিকটতম প্রতিদ্বন্দী ধানের শীষ প্রতীকের মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ১৫০ ভোট।

দামুড়হুদায় হঠাৎ দেখা মিললো শানকার কারিগর মোতালেবের

দামুড়হুদায় হঠাৎই দেখা মিললো শানকার কারিগর এর। সিলেট হবিগঞ্জের ভ্রাম্যমাণ কারিগর মোতালেব ছুরি, দা, কাঁচি, বটি, শিল-পাটায় ধার দিয়ে আসছেন দীর্ঘ ১২ বছর ধরে।

দামুড়হুদা উপজেলা সদরের চৌ-রাস্তার মোড়ে মানুষ হবিগঞ্জ জেলা শহর থেকে আসা শান কারিগরের নিকট দা, বটি, কাচি, শিল- পাটা ইত্যাদি শান দেওয়ার জন্য ভীড় জমিয়ে রয়েছেন। কিছুক্ষণ পরই দেখা গেলো শান দেওয়া মেশিনের প্যাডেল ঘুরিয়ে ছুরিতে ধার দেওয়া শুরু করলেন মোতালেব। ওই ছুরি ধার দেওয়ার মাঝেই বাজারের বেশ কিছু দোকান ও বাসাবাড়ি থেকে দা-ছুরি- বটি, ইত্যাদি ধার দেওয়ার জন্য নিয়ে এনেছেন। শান কারিগর প্রতিটি বটি, চাকু শান বা ধার দেবার জন্য ২০ টাকা, দা-কাঁচি শান দিতে নিচ্ছেন ৪০ টাকা ও শিল বাটা শান দিতে নিচ্ছেন ১০০ টাকা করে।
এ বিষয়ে বাজারের ব্যবসায়ী মনিরুল ইসলাম বলেন- আমি একটি ফল কাটার চাকু ধার দিলাম মাত্র ১০ টাকায়।
শান কারিগর মেহেরপুর প্রতিদিনকে বলেন – আমি দীর্ঘ ১২ বছর ধরে এ পেশার সাথে রয়েছি। আমরা বাড়ি সিলেটের হবিগঞ্জ জেলাতে। বাংলাদেশের বিভিন্ন জেলাতে আমি কাঁধে করে শান মেশিন নিয়ে মানুষের দৌড় গোড়ার পৌঁছে দিচ্ছি এ সেবা।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

নৈরাজ্য সৃষ্টির অভিযোগ তুলে মেহেরপুরের গাংনীতে বিএনপি জামায়াত ও ছাত্রদলের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। গতকাল সোমবার দুপুর ১ টায় গাংনী হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। বিক্ষোভ মিছিল ও সভায় ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, মেহেরপুর জেলা ছাএলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, হুমায়ন কবির লিখন, ফিরোজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক রাইহানুর জামান নিরব, মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক মাসুদ রানা মিল্টন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি তপু রায়হান রবিন, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজা, মোঃ লিজন হোসেন, সজীব ওয়াজেদ জয় পরিষদের সাধারণ সম্পাদক মোঃ আশিকুর জামান সবুজ,

ছাত্রলীগ নেতা শুভ আহমেদ, নাছিম আহমেদ, ইমন আহমেদ, শিশির, সাহারুল, তোহিদ, শামিম, আরাফাত, তুষার ইমরান, সাব্বিরসহ বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় যুবকদের জনসচেতনতামূলক প্রশিক্ষণ

দামুড়হুদায় সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। জানা গেছে, গত রবিবার দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আযোজনে ও পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সহযোগিতায় পরিষদের সভা কক্ষে সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণটি দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, স্থানীয় নেতৃবৃন্দসহ কোর্স প্রশিক্ষণার্থীরা।

শৈলকুপাতে রাস্তায় নারীকে পিটিয়ে আহত

ঝিনাইদহের শৈলকুপায় সানজিদা খাতুন (৩০) নামের এক নারীকে পিটিয়ে আহত করেছে সন্ত্রাসীরা। ঘটনাটি গত রবিবার বিকাল ৩টার দিকে উপজেলা ৫নং কাঁচেরকোল ইউনিয়নের কাঁচেরকোল ভোট কেন্দ্রের দক্ষিণ দিকের রাস্তায়। উপজেলার উপ-নির্বাচনে ভোট দিতে আসার সময় তাকে পিটিয়ে

আহত করা হয় ও তার কাছ থেকে স্বর্ণালংকার ছিনিয়ে নেওয়া হয় বলে অভিযোগ করেন আহত নারীর পরিবার। ঘটনার পর স্বজনরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।
আহত নারীর পিতা মো: ওমর আলী জানান, তিনি গত শনিবার জামাই বাড়ি বেড়াতে আসেন। তার জামাই ও পরিবারের সদস্যরা আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। মেয়ে সানজিদা বিকাল ৩টার দিকে ভোট দিতে আসার সময় একই গ্রামের বিভিন্ন অপকর্মের সাথে জড়িত মনিরুজ্জামান মনির, তার পিতা আকবর ও নানা ডাবলু শেখ তাকে পিটিয়ে গুরুতর আহত করে তার কানের দুল, হাতের চুরি ছিনিয়ে নেয়। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। শৈলকুপা থানার সেকেন্ড অফিসার মোঃ আমিরুজ্জামান বলেন অভিযোগ পেয়েছি তদন্ত করতে কচুয়া তদন্ত কেন্দ্রের টু আই সি কে দিয়েছি সত্যতা পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়ায় “পুলিশ মেমোরিয়াল ডে” উদযাপন

কুষ্টিয়ায় কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যদের স্মরণে “পুলিশ মেমোরিয়াল ডে” উদযাপন করা হয়েছে।
গতকাল সোমবার সকালে কুষ্টিয়া জেলা পুলিশ লাইন্সে জেলা পুলিশের আয়োজনে “পুলিশ মেমোরিয়াল ডে” উদযাপন করা হয়।
তাঁদের অবদানকে স্মরণীয় করে রাখার জন্য তাদের স্মৃতিস্তম্ভে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন পুলিশ সুপার মোঃ খাইরুল আলম। এ সময় পুলিশের অন্যান্য কর্মকর্তাসহ নিহতদের পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।
শ্রদ্ধা নিবেদন শেষে নিহত পুলিশ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। “পুলিশ মেমোরিয়াল ডে” উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালি শহর প্রদক্ষিণ শেষে পুলিশ লাইন্স সম্মেলন কক্ষে নিহতদের স্বজনদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলার পুলিশ সুপার মোঃ খাইরুল আলম।
এ সময় তিনি বলেন, পুলিশ জনগণের জানমালের নিরাপত্তা এবং দেশের

শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য অতীব গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকে। সাধারণ মানুষ যখন ঘুমায় তখন পুলিশ জেগে থাকে। মানুষের নিরাপদ ঘুম নিশ্চিত করে। এ দায়িত্ব অত্যন্ত কঠিন।
কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, তারা দেশের জন্য প্রাণ দিয়েছেন। তাদের পরিবারের কল্যাণ দেখা আমাদের নৈতিক দায়িত্ব। তিনি বলেন, নিহত পুলিশ সদস্যদের পরিবারকে সুযোগ-সুবিধা প্রদানে সরকার যথেষ্ট আন্তরিক।
তিনি আরও বলেন, পুলিশের পেশা অন্য যে কোন চাকরির চেয়ে ঝুঁকিপূর্ণ। এ পেশায় ঝুঁকি নিয়েই আমাদের প্রতিনিয়ত দেশের আইন-শৃঙ্খলা রক্ষার গুরু দায়িত্ব পালন করতে হয়। কর্তব্য পালনকালে জীবন উৎসর্গ করে পুলিশ সদস্যরা ত্যাগের এক সুমহান আদর্শ স্থাপন করে গেছেন। তাদের এ আত্মত্যাগ আমাদের জন্য গৌরবের। দেশের মানুষ চিরদিন তাদেরকে শ্রদ্ধার সাথে স্মরণ করবে।
এ সময় আরো উপস্থিত ছিলেন কুষ্টিয়ার ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার’র পুলিশ সুপার, ড. এস এম ফরহাদ হোসেন, পিবিআই এর পুলিশ সুপার মোঃ শহীদ আবু সরোয়ার, সিআইডিার পুলিশ সুপার সৈয়দ আবু সায়েম বিপিএম (সেবা)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
আলোচনা শেষে নিহতদের স্বজনদের মাঝে উপহার সামগ্রী তুলে দেন প্রধান অতিথি।
২০১৭ সাল থেকে নিহত পুলিশ সদস্যদের স্মরণে “পুলিশ মেমোরিয়াল ডে” প্রতি বছর ১লা মার্চ পালন করা হচ্ছে।

মেহেরপুরে পুলিশ মেমোরিয়াল ডে পালন

সোমবার সকালে মেহেরপুর পুলিশ লাইন ড্রিল শেড মিলনায়তনে পুলিশ মেমোরিয়াল ডে ২০২১ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার এসএম ফয়সাল, পিপি পল্লব

ভট্টাচার্য, সদর থানার ওসি শাহদারা, মুজিবনগর থানার ওসি হাসেম আলী, গাংনী থানার ওসি বজলুর রহমান, ডিবির ওসি জুলফিকার আলী, টুরিস্ট পুলিশের ইন্সপেক্টর কেএম হাবিবুল ইসলাম, ডিএসবি ইনস্পেক্টর একরাম হোসেন,ট্রাফিক পুলিশ ইনস্পেক্টর জাহাঙ্গীর আলম, এসআই নাজমুল।

পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষে অনুষ্ঠানে উপস্থিত শহীদ পুলিশ সদস্য পরিবারের সদস্যের ফুল দিয়ে শুভেচ্ছা জানানে হয় এবং কর্মরত অবস্থায় যে সকল পুলিশ সদস্যরা মৃত্যু বরণ করেছে তাদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয় এবং ১ মিনিট নীরবতা পালন করা হয়। পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষে পুলিশ লাইন মাঠে শহীদ পুলিশ সদস্যদের সম্মানে বিশেষভাবে তৈরি শহীদ বেদীতে পুষ্প মালা অর্পণ করা হয়।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত

‘মুজিব বর্ষের অঙ্গিকার বীমা হোক সবার” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার।

উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা

ব্রাঞ্চ কো-অডিনেটর মঈন উদ্দীন খাঁন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের ডিষ্টিক কো-অডিনেটর মোঃ শরিফুল ইসলাম, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের আবুল কালাম আজাদ, জীবন বীমা কর্পোরেশনের ডেভলপমেন্ট অফিসার শ্যাম সুন্দর মন্ডল, গণবীমা ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিমিটেডের সুব্রত কুমার চক্রবর্তী।

বক্তারা বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই। ১৯৬০ সালের ১লা মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন। সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে ১ম জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন। এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সে কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সমাপ্ত হলো “অমর একুশে ভার্চুয়াল বইমেলা”

মেহেরপুরে সমাপ্ত হলো “অমর একুশে ভার্চুয়াল বইমেলা। গত ফ্রেবুয়ারির ১ তারিখ থেকে চলছিল এই ভার্চুয়াল বইমেলা। মার্চ মাসের প্রথম দিনে এসে আনুষ্ঠানিকভাবে শেষ হলো এই বইমেলা। সমাপনী দিনে সাংবাদিক লেখক এম এফ হক মন্টু ও মমতাজ পারভীন তুলির লেখা “শিক্ষনে বাংলা” বইটি পদর্শনী হয়েছে। এছাড়াও প্রায় শতাধিক বই প্রদর্শীত হয়েছে।

মেহেরপুরের সাংস্কৃতিক ব্যাক্তিত্ব ও লেখক এম এ মুহিত এর ফেসবুক পেজ “ মেহেরপুর ডেক্স” থেকে এই অনলাইন বই মেলার আয়োজন করা হয়। এছাড়াও এই অনলাইন প্লাটফর্মে প্রতিদিন বিভিন্ন লেখকদের নিয়ে সৃজনী আড্ডা পরিচালনা করেছেন মেহেরপুরের সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটো। ইতিমধ্যে এই সৃজনী আড্ডায় অংশ নিয়েছেন দেশের ক্ষ্যাতনামা লেখক গাংচীল সাহিত্য সাংস্কৃতি পরিষদের প্রতিষ্ঠাতা খান আক্তার হোসেন, কথা সাহিত্যিক হাবিব আনিসুর রহমান, সচিব আল কামা সিদ্দিকী, লেখক রফিকুর রশিদ রিজবী, লেখক ও শিক্ষক অধ্যাপক

আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুসহ অনেক বিশিষ্ট ব্যাক্তিবর্গ।

প্রতিবছর মেহেরপুরে বইমেলার আয়োজন করা হয়। কিন্তু এবার করোনার প্রাদুর্ভাবে এই বইমেলার আয়োজন সম্ভব হয়নি। তাই ঘরে বসে বইমেলার স্বাধ দিতে এই অনলাইন বইমেলার আয়োজন করা হয়েছে বলে জানান আয়োজক এম এ মুহিত। তিনি আরও বলেন, শুধু বইমেলাই না আগামী ১০ মার্চ কবিতা উৎসবের আয়োজন করা হবে এই মেহেরপুর ডেক্স থেকে। আমরা করোনার মধ্যেও সবধরনের আনন্দ পেতে ও দিতে এই ভিন্ন আয়োজনের চেষ্টা করছি। ইতিমধ্যে বেশ সাড়া পেয়েছি।

মেহেরপুরে আমাদের কণ্ঠ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

বর্ণাঢ্য আয়োজনে দৈনিক আমাদের কণ্ঠ পত্রিকার ১৩ বছর পুর্তি ও ১৪ বছরে পদার্পণ উপলক্ষে আলোচনা সভা ও কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়। সোমবার দুপুরে মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী।

গাংনী প্রেসক্লাব সভাপতি রমজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নুর ই আলম সিদ্দিকী ও মেহেরপুর প্রেসক্লাব সম্পাদক আল আমিন হোসেন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন, মাধ্যমিক শিক্ষা অফিসার হাবিবুল বাশার, সাবেক উপজেলা চেয়ারম্যান কেএম শফিকুল আলম, টিজে ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক মিন্টু, গাংনী থানার ওসি বজলুর রহমান, ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম প্রমুখ।
অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আমাদের কণ্ঠ পত্রিকার জেলা প্রতিনিধি নুরুল হুদা। পরে অনুষ্ঠানে কেক কাটা হয়। অনুষ্ঠানে মেহেরপুর জেলার বিভিন্ন গণমাধ্যম কর্মী, সমাজ সেবক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।